

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

হিসাব শাখা-১

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

www.pwd.gov.bd



জরুরি

সীমিত

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এন আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ৪৩০২	তারিখ- ২৩/৪/২৪	অর্থকারী- ৩	
অ: স:	স: প্র:	উ: বি: প্র:	নি: প্র:
			১

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.৪১.০০৪.২৪.২১১

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১

২৩ এপ্রিল ২০২৪

বিষয়: “আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অস্ত্রাগার (১ম পর্যায়ে ৪০টি) নির্মাণ (১ম সংশোধিত)”  
শীর্ষক প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজে ২০২৩-২০২৪ আর্থিক সালে খরচ করার জন্য মোট=২৩০.১৪ লক্ষ (দুই কোটি ত্রিশ লক্ষ চৌদ্দ হাজার) টাকা মাত্র নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলো।

(লক্ষ টাকায়)

কোড নং কোডের বর্ণনা	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ	বিভাগের নাম
৪১১১২০১- অনাবাসিক ভবন	“আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অস্ত্রাগার (১ম পর্যায়ে ৪০টি) নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প।	১৫০.১৪	নোয়াখালী গণপূর্ত বিভাগ, নোয়াখালী
		৮০.০০	চাঁদপুর গণপূর্ত বিভাগ, চাঁদপুর
	মোট=	২৩০.১৪	

উক্ত খরচ প্রকল্প পরিচালক (নির্বাহী প্রকৌশলী), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকার স্মারক নং-৪৪.০৩.০০০০.০২৩.১১.০০১.২৪-৪২৪; তারিখ-১০-০৩-২০২৪ খ্রি. এর মাধ্যমে প্রধান প্রকৌশলীর নিকট ন্যস্তকৃত ২৩০.১৪ লক্ষ টাকা হিসাবের কোড নং-৪১১১২০১-অনাবাসিক ভবন খাতে ২০২৩-২০২৪ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/পালনপূর্বক খরচ করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।

শর্তসমূহ :

- প্রত্যাশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ যোগ্য।
- বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরের/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- কোন অবস্থাতেই প্রকল্পের অনুমোদিত অঙ্গের বাইরে এ অর্থ ব্যয় করা যাবে না।

১/৫/০১২০২৪

২৩-৪-২০২৪

মোঃ সাখাওয়াৎ হোসেন